## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **জনাব আশরাফ হোসাইন**<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| তারিখ | ঃ | **২৩/১২/২০২১ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।** |

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ঘাগড়া ইউপি চেয়ারম্যান সভায় জানান, এপ্রিল/২০২১ খ্রি. তারিখের মাসিক সাধারণ সভায় অনুমোদিত অষ্টধার ইউনিয়নের বালিয়া পাড়া টু সাইন বোর্ড সলিং করণ রাস্তায় পুণরায় সলিং করণ (পিআইসি) অনুমোদিত হয়। কাজটি বাস্তবায়ন করতে না পারায় উক্ত প্রকল্পটি পরিবর্তন করে চর ঘাগড়া আলম সরকারের বাড়ীর সামাজিক গোরস্থানের গাইড ওয়াল নির্মাণ ও সুরকি দ্বারা মেরামত কাজটি অনুমোদনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। চেয়ারম্যান, ভাবখালী ইউপি সভায় বলেন যে, মে/২১ মাসের মাসিক সভায় চুরখাই ফরিদ মিস্ত্রীর বাড়ী হতে রেজাকের বাড়ী পর্যন্ত হেরিং বন করণ পিআইসি-১,২ প্রকল্পটি বিভিন্ন বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তার পরিবর্তে বড়বিলা পশ্চিমপাড়া চানু মিয়ার দোকান হতে শহীদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা হেরিংবন্ড করন (পিআইস-১,২) প্রকল্পটি অনুমোদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। আর কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বালিয়াপাড়া টু সাইনবোর্ড রাস্তাটি পুনরায় সলিংকরণ এর পরিবর্তে চরঘাগড়া আলমসরকারের বাড়ীর সামাজিক গোরস্থানের গাইড ওয়াল নির্মাণ ও সুরকি দ্বারা মেরামত প্রকল্পটি এবং চুরখাই ফরিদ মিস্ত্রীর বাড়ী হতে রেজাকের বাড়ী পর্যন্ত হেরিংবন্ড করণ পিআইসি-১,২ প্রকল্পটি পরিবর্তন করে বড়বিলা পশ্চিমপাড়া চানু মিয়ার দোকান হতে শহীদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা হেরিংবন্ড করণ (পিআইসি-১,২) প্রকল্পটি অনুমোদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০১ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে<br>১। বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর আওতায় ০২(দুই) কিস্তিতে ৪২.৩৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে হিসাবে ৩য় ও ৪র্থ কিস্তিসহ মোট ৮৫.৭৬ লক্ষ টাকা বরাদ্দ ধরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্প সমূহ যাচাই-বাছাই করে চূড়ান্ত করা হয়। অনুমোদিত স্কীমের তালিকা সমূহ (পরিশিষ্ট-গ) ।<br>২। বিভিন্ন ইউনিয়ন থেকে এলজিইডি এবং এলজিআই এর তালিকাভূক্ত/গেজেটভূক্ত নয় এমন সড়কসমূহ, এলজিইডি এবং এলজিআই এর তালিকা ভূক্ত করার প্রস্তাব পাওয়া যায় (পরিশিষ্ট-ঘ)। | সভায় আলোচনান্তে ১। অতিদ্রুত এডিপি বাস্তবায়ন কাজ শুরু করার সিদ্ধান্ত মোতাবেক E-GPএর মাধ্যমে LTM Method অনুসরন করে Tender প্রক্রিয়া শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কসমূহের গুরুত্ব বিবেচনা করে উক্ত সড়কসমূহ এলজিইডি এবং এলজিআই এর তালিকাভূক্ত/গেজেটভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি, সভায় জানান ময়মনসিংহ সদর উপজেলার আওতাধীন কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান রয়েছে। টিক কার্যক্রম গতিশিলতা আনয়নের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানান। এছাড়া নতুন ভাইরাস ওমিক্রন বিষয়ে সকলকে সজাগদৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে কোভিড-১৯ টিকা কার্যক্রমে আরও গতিশিলতা আনয়নের লক্ষে সকল ইউপি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ০৩ | উপজেলা কৃষি অফিস ঃ উপজেলা কৃষি অফিসার জানান, বর্তমানে মাঠে শাতকালীন শাক-সবজিসহ বোরো বীজতলা হয়েছে। আবহাওয়ায় ভালো থাকায় শাক সবজির বর্তমান অবস্থা ভালো আছে। উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দিয়ে যাচ্ছেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে,জাতীয় মাছ ইলিশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক প্রতি বছরের ন্যায়এ বছর ও ১লা নভেম্বর/২০২১ হতে ৩০জুন/২০২২পর্যন্ত ঝাটকা রক্ষা কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া মৎস্য চাষীর পুকুর পরিদর্শন, হাট-বাজার পরিদর্শন, মৎস্য খামারের লাইসেন্স প্রদান ও নবায়ন, মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষাসহ দাপ্তরিক কাজ চলমান রয়েছে। তাছাড়া ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসাণ প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনী খামারের পুকুর পরিদর্শন, পানি পরীক্ষা এবং অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।<br>২০২১-২০২২ আর্থিক সালে ৩(তিন)টি ব্যাচের মৎস্য চাষীর প্রশিক্ষণ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে প্রকল্পের আওতায় প্রদর্শনী খামার পরিদর্শন, পানি পরীক্ষা, খাদ্যের গুনগতমান পরীক্ষা/লাইসেন্স প্রদান ও নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়ন উপজেলা মৎস্য অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৫. | উপজেলা শিক্ষা অফিস ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,সরকারী নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। বিদ্যালয়ে জরিপ ও ভর্তি কার্যক্রম চালু রাখা হয়েছে। প্রাথমিক শিক্ষার শিশুদের ১০০% উপবৃত্তির আওতায় আনয়নের নিমিত্তে জন্মনিবন্ধন ও অভিভবকদের মোবাইল নম্বর বাধ্যতামূলক। শিশুদের জন্য নিবন্ধন করতে সহায়তা প্রদানের জন্য সকল ইউনিয়নের চেয়ারম্যান ও সদস্যগণকে অনুরোধ করেন। অষ্টধার ইউনিয়নের ঝাপারকান্দা সরকারী প্রাথমিক | সভায় আলোচনান্তে দাখিলকৃত কার্যক্রম বাস্তবায়ন এবং ঝাপারকান্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জমি দাতা ইচ্ছুক ব্যক্তি খোজে বের করার সিদ্ধান্ত গৃহীত | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | বিদ্যালয়ের জমি নদীগর্ভে বিলীন হওয়ায় বর্তমানে উক্ত বিদ্যালয়ের কোন নিজস্ব জমি নেই। বিদ্যালয় এলাকায় জমি দান করতে ইচ্ছুক এমন কোন জমিদাতা সদস্যকে খুঁজে বের করার জন্য সকলকে অনুরোধ করেন। বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | হয়। | |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, ১২-১৭ বছরের বয়সী সকল শিক্ষার্থীদের টিকা কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অ তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় ১ম পর্যায়ের কাজ বাস্তবায়নের জন্য ১৭৮৮টি কার্ড বরাদ্দ পাওয়া গিয়াছে। এ বিষয়ে গত সভায় সকল ইউপি চেয়ারম্যানগণকে তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হলেও কোন ইউনিয়ন থেকে তালিকা পাওয়া যায়নি। এবিষয়ে সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।<br>খাগডহর ইউনিয়ন পরিষদে সকল ইউপিসদস্য তাদের কার্যবিবরণীসহ কাবিখা-২টি, কাবিটা-১টি ও টিআর -১টি প্রকল্প দাখিল করেছেন। কাবিটা- কল্যাণপুর পাকা রাস্তা হতে কল্যাণপুর জামাদার বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং ও মাটি দ্বারা উন্নয়ন<br>কাবিটা- চর জেলখানা মোস্তাজের বাড়ী হতে চর জেলখানা সিরাজুলের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ ও কলিকাপুর পাকা রাস্তা হতে কালিকাপুর সিদ্দিক মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং ও মাটি দ্বারা উন্নয়ন এবং টিআর- মাইজবাড়ী লেংড়ার বাজারে খাগডহর ইউনিয়ন পরিষদের অস্থায়ী কার্যালয় সংস্কার করণ । প্রকল্পগুলি অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর প্রেরণ করার জন্য সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। | সভায় আলোচনান্তে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় নামের তালিকা প্রদানের জন্য পুনরায় তাগিদপত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খাগডহর ইউনয়নের ইউপি সদস্যগণ কর্তৃক দাখিলকৃত সাধারণ কাবিটা, কাবিখা ও টি আর প্রকল্প এর তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট সকল |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | উপজেলা সমবায় অফিস: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | পল্লী সঞ্চয়ী ব্যাংক: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। । এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস: উপসহকারী প্রকৌশলী (জন-স্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া তিনি আরও জানান যে, বিভিন্ন ইউনিয়নে আর্সেনিক টেস্টের জন্য ০৬জন লোক নিয়োগের জন্য সভায় জানান। | সভায় আলোচনান্তে বিভিন্ন ইউনিয়নে চেয়ারম্যানগণ নামের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল/ সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকতা সভায় জানান যে, "ক্ষুদ্রঋন জাগরনী সপ্তাহ ২০২১" উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে জাগরনী সপ্তাহকে সফল করার জন্য উপজেলা চেয়ারম্যান , উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ মহোদয়গণকে উপজেলা সমাজসেবা কার্যালয়ের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। ৯৭,৮৪,০০০/-টাকা বিনিয়োগ ও পুনঃ বিনিয়োগ করায় উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, ময়মনসিংহ এই জেলায় ২য় স্থান অর্জন করেছে। এ সাফল্য অর্জনে সকলের সহযোগিতা ও আন্তরিকতার জন্য আবারও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)সেচ অফিস ঃ উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)সেচ সভায় বলেন যে আসন্ন বোরো মৌসুমে সেচকার্যক্রম পরিচালনার জন্য একরপ্রতি একটি নির্ধারিত মূল্য নির্ধারন করা প্রয়োজন। এবিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সেচ কার্যক্রম পরিচালনার জন্য একরপ্রতি ৪,০০০/-টাকা ফি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)সেচ/ সংশ্লিষ্ট সকল |
| ১৫ | চেয়ারম্যান, সিরতা ইউপি সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবন নির্মিত হচ্ছে। আগামী দুই-তিন মাসের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত হয়ে যাবে। নবনির্মিত উপজেলা পরিষদ ভবনের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারদের জন্য নির্ধারিত কক্ষ,সভাকক্ষ এর ডেকোরেশন এবং নবনির্মিত হলরুমটির জন্য ফার্নিচার ক্রয়ের জন্য কোন বরাদ্দ নাই। উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রাক্কলন সহ প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করার জন্য বলেন। এছাড়া তিনি আরও বলেন যে, নবনির্মিত উপজেলা পরিষদে মুজিব কর্নার স্থাপন করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারের নির্ধারিত কক্ষ , সভা কক্ষের ডেকোরেশন এবং নবনির্মিত হলরুমের ফার্নিচার ক্রয় ও মুজিব কর্নার করার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| ১৬ | চেয়ারম্যান, ভাবখালী ইউপি সভায় বলেন যে, গত ০৮/০৪/২১ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ভাবখালী পুরাতন ফেরীঘাটটি ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি সাথে উক্ত ফেরীঘাটটি ইজারা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। উক্ত সিদ্ধান্তে আলোকে ভাবখালী পুরাতন ফেরীঘাটটি সম্ভাব্য ইজারা মূল্য ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা নির্ধারন করে ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে ভাবখালী পুরাতন ফেরীঘাটটি উপজেলা পরিষদের নিয়ন্ত্রনে এনে ১৪২৯ বাং সনের জন্য সম্ভাব্য ইজারা মূল্য ২,০০,০০০/-টাকা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল |
| ১৭ | চেয়ারম্যান, দাপুনিয়া ইউপি সভায় বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলায় মুজিব শতবর্ষ উদ্‌যাপন ও মহান বিজয় দিবসের ৫০বছর পুর্তি উপলক্ষে সুবর্ন জয়ন্তী উপলক্ষে উপজেলা পরিষদ কর্তৃক ব্যপক আয়োজন করা হয়। এতে করে প্রচুর অর্থ ব্যয় করা হয়। উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিক বিভিন্ন দিবসে যে অর্থ ব্যয় করার বিধান রয়েছে সে অর্থ দ্বারা মহান বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উদযাপন ব্যয়ের পরও আরও দুই লক্ষ টাকা অতিরিক্ত খরচ হয়েছে। অতিরিক্ত ২,০০,০০০/-টাকা | বিস্তারিত আলোচনান্তে মহান বিজয় দিবস ও মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- ব্যয়ের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | (দুই লক্ষ)টাকা ব্যায়ের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন পাওয়া গেলে উপজেলা পরিষদ রাজস্ত তহবিল হতে উত্তোলন করা যাবে। এবিষয়ে সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয় বলেন যে, অতিরিক্ত ২,০০,০০০/-টাকা ব্যয়ের অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেনে। | সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের গুচ্ছগ্রাম-২এর (সিভিআরপি) প্রকল্প, এর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ক শ্রেনী পরিবারের জন্য ৩য় পর্যায় সেমিপাকা ৩৩টি গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। তিনি আরও বলেন যে, ভূমিহীন ও গৃহহীনদের অর্থাৎ ক শ্রেনীর তালিকা তৈরীর সময় কোভিট-১৯ এর কারনে সঠিকভাবে যাচোই-বাছাই করা সম্ভব না হওয়ায় তালিকাটি ত্রুটিপূর্ণ ছিল তাই সরেজমিনে তা যাচাই-বাছাই করে সঠিক তালিকা তৈরীর করার জন্য উপজেলা টাস্কফোর্স কমিটিতে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহল করে জেলা টাস্কফোর্স কমিটি বরার প্রেরণ করার জন্য বলেন। এ বিষয়ে সকলের সহযোগিতা কামানা করেন ।<br><br>তিনি আরও জানান যে, বোররচর (পূর্বকাচারী ও পশ্চিম কাচারী)বাজারটি পূর্বকাচারী গো-হাটা বাজার ও পশ্চিম কাচরী তহঃ বাজার নামে দুই ভাগে বিভক্ত করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি আরও বলেন যে, ০৩(তিন)বছরের গড়মূল্যের ভিত্তিতে আগামী ১৪২৯ বাংলা সনের ইজারা প্রদানের জন্য পূর্বকাচারী গো-হাটা বাজারটির সম্ভাব্য ইজারা মূল্য ১৮,০০,০০০/-টাকা ও পশ্চিম কাচারী তহঃ বাজারটির সম্ভাব্য ইজারা মূল্য ৫,০৫,৭০৯/-টাকা নির্ধারন করে বিজ্ঞপ্তি প্রদানের জন্য প্রস্তাব করেন। এবিষয়ে সকলের মতামত প্রদানের জন্য বলেন। চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা বলেন যে, বোররচর (পূর্বকাচারী ও পশ্চিম কাচারী)বাজারটি ইজারা প্রদানে খুবই সমস্যা হয় । তাই উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবটি অত্যান্ত যুক্তিযুক্ত বিধায় বাজারটি দুই ভাগে বিভক্ত করে ইজারা বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে ৩য় পর্যায় সেমিপাকা ৩৩টি গৃহ নির্মান কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবয়নের সিদ্ধান্ত এবং ভূমিহীন ও গৃহহীনদের অর্থাৎ ক শ্রেনী পরিবারের তালিকা তৈরীর করে উপজেলা টাস্কফোর্স কমিটির অনুমোদন স্বাপেক্ষে জেলা টাস্কফোর্স কমিটি বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বোররচর (পূর্বকাচারী ও পশ্চিম কাচারী)বাজারটি পূর্বকাচারী গো-হাটা বাজার ও পশ্চিম কাচরী তহঃ বাজার নামে দুই ভাগে বিভক্ত করা সহ আগামী ১৪২৯ বাংলা সনের ইজারা প্রদানের জন্য পূর্বক কাচারী গো-হাটা বাজারটির সম্ভাব্য ইজারা মূল্য ১৮,০০,০০০/-টাকা ও পশ্চিম কাচারী তহঃ বাজারটির সম্ভাব্য ইজারা মূল্য ৫,০৫,৭০৯/-টাকা করে বিজ্ঞপ্তি প্রদানের জন্য প্রস্তাব সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়টি জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর কার্যবিবরনী প্রেরণ করার সিদ্ধান্ত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৯ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সভায় জানান যে, মড়াকুড়ি বাজারটি উপজেলা পরিষদের নিয়ন্ত্রনে ইজারা প্রদান করা হয়। কিন্তু বাজারটিতে সরকারি কোন জায়গায় না থাকায় বিদ্যালয়ের মাঠটি ব্যবহার করা হচ্ছে। প্রধান শিক্ষক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিরপত্তার স্বার্থে মড়াকুড়ি বাজারটি অন্যত্র স্থানান্তরের জন্য আবেদন করেন। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান বলেন যে যেহেতু সরকারী কোন জায়গা নেই তাই বাজারটি হাট-বাজার ইজারার ক্যালেন্ডরভূক্ত হতে বাদ দেয়ার জন্য সভায় মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।<br>১। তিনি আরও বলেন যে, গত ২৪/১১/২১ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত মোতাবেক , ঘাগড়া ইউনিয়নের উদ্যোক্তা জনাব কামরুজ্জামান মিয়া(সুমন) এর বিষয়ে জন্ম-নিবন্ধন সংক্রান্ত অভিযোগ প্রমানিত হওয়ায় তাকে তার পরিবর্তে অন্য একজন উদ্যোক্তা নেয়ার জন্য সভায় জানান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর উক্ত উদ্যোক্তার সাথে যাতে কোন ধরনের চুক্তি না করে এবং উক্ত উদ্যোক্তার বিষয়ে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় তাকে বাতিল করার জন্য একটি সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার জন্য বলেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সহকারী প্রোগ্রামার আইসিটি বিভাগকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য বলা হলে তিনি প্রতিবেদন দাখিল করেছেন মর্মে সভঅকে অবহিত করেন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মড়াকুড়ি বাজারটিতে কোন সরকারী খাস ভূমি না থাকায় হাট-বাজার ইজারার ক্যালেন্ডার হতে বাদ দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি),সদর এর মতামত স্বাপেক্ষে বাজারটি বাতিল সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। জনাব কামরুজ্জামান(সুমন), উদ্যোক্তার বিষয়ে অভিযোগ প্রমানিত হওয়ায় তার পরিবর্তে ঘাগড়া ইউনিয়নের জন্য অন্য একজন উদ্যোক্তা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২০ | **উপজেলা পরিষদের নিজস্ব তহবিলে নিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/উন্নয়ন)ঃ**<br>বিবিধ ঃ (উন্নয়ন তহবিল)<br>০১। ময়মনসিংহ সদর উপজেলার উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির অফিস উন্নয়ন (পিআইসি)।<br>০২। উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের সামনে ও ডানপার্শ্বের গর্তভরাট করে উন্নয়ন প্রকল্প (পিআইসি অংশ - ১,২,৩,৪)।<br>০৩। ময়মনসিংহ সদর উপজেলার অফিসার্স ক্লাব উন্নয়ন (পিআইসি)।<br>০৪। কুষ্টিয়া শ্রীরামপুর কালুর বাড়ী হতে সালামের বাড়ী পর্যন্ত ইটের সলিং করণ (পিআইসি)।<br>০৫। চরঈশ্বরদিয়া হরিপুর গ্রামের নাজিমের বাড়ী সংলগ্ন রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ(পিআইসি)।<br>০৬। উপজেলা পরিষদের পিছনের নতুন রাস্তার নাম করণে অধ্যক্ষ মতিউর রহমান সড়ক এর সাইবোর্ড নির্মাণ (পিআইসি)। | আলোচনান্তে উপজেলা রাজস্ব/উন্নয়ন তহবিল হতে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২১.১৩৬৬ /১(৫০)

তারিখ-২৩/১২/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। বেগম রওশন এরশাদ, এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা....................................... .কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব............................................চেয়ারম্যান............................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব......................................................................... ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। অফিস কপি।

২৩/১২/২১

(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

## পরিশিষ্ট-‘ক’

উপস্থিত জনপ্রতিনিধিগণের উপস্থিতির তালিকা
সভার তারিখ ঃ ২৩/১২/২০২১খ্রিঃ।

| ক্রমিক | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব আশরাফ হোসাইন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০২ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (শাহিন), ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০৩ | জনাব আফরোজা হক কলি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০৪ | জনাব মোঃ তারেক হাসান, চেয়ারম্যান, ০১ নং অষ্টধার ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০৫ | জনাব হাসানুল ইসলাম, চেয়ারম্যান, ২নং কুষ্টিয়া ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ০৬ | জনাব আব্দুল আজিজ সরকার, চেয়ারম্যান, ৩নং বোররচর ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০৭ | জনাব মোঃ সোলায়মান কবির, চেয়ারম্যান, ৪নং পরানগঞ্জ ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০৮ | জনাব মোঃ আবু সাঈদ, চেয়ারম্যান, ৫নং সিরতা ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ০৯ | জনাব মোঃ মোস্তফা সেলিম, চেয়ারম্যান, ৬নং চরঈশ্বরদিয়া ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১০ | জনাব মোঃ আনোয়ার হোসেন খান, চেয়ারম্যান, ৯নং খাগডহর ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১১ | জনাব মোঃ হাফিজুল ইসলাম, চেয়ারম্যান, ১০নং দাপুনিয়া ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১২ | জনাব শাহজাহান সরকার, চেয়ারম্যান, ১১নং ঘাগড়া ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১৩ | জনাব মোঃ আব্দুছ ছাত্তার, চেয়ারম্যান, ১২নং ভাবখালী ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১৪ | জনাব রেখা রাণী সাহা, সংরক্ষিত সদস্য, ওয়ার্ড-২,উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ (৪নং পরানগঞ্জ ইউপি সংরক্ষিত সদস্য)। |

অনুপস্থিত জনপ্রতিনিধিগণের তালিকা
সভার তারিখ ঃ ২৩/১২/২০২১খ্রিঃ।

| ক্রমিক | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোঃ ফারুকুল ইসলাম, চেয়ারম্যান, ৭নং চরনিলক্ষীয়া ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

পরিশিষ্ট-'খ'

সভার তারিখ ঃ ২৩/১২/২০২১খ্রিঃ।

## সরকারি দপ্তর সমূহের প্রধানগণের উপস্থিতির তালিকা ঃ

| ক্রঃনং | নাম ও পদবী |
|---|---|
| ১। | জনাব মোঃ সাইফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২। | জনাব তাহমিনা ইয়াসমিন, উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ । |
| ৩। | ডাঃ শাহজাহান কবীর, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসারের কার্যালয়, সদর, ময়মনসিংহ |
| ৪। | জনাব আবুল্লাহ-আল-মামুন, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ । |
| ৫। | জনাব রাশেদুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৬। | জনাব মোঃ নজরুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৭। | জনাব আবু আহসান মোঃ রেজাউল হক, উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৮। | জনাব মনিরুল হক ফারুক রেজা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৯। | জনাব মাকসুদা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১০। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ভূঞা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১১। | জনাব জীবন আরা বেগম, উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১২। | জনাব কামরুজ্জামান, উপজেলা সমবায় অফিসার, সদর, ময়মনসিংহ। |
| ১৩। | জনাব হারাধন দে, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৪। | জনাব রাজিব কুমার সরকার, কো-অর্ডিনেটর, আমার বাড়ি আমার খামার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৫। | জনাব নাছিমা খাতুন, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৬। | জনাব ওয়াশিম আকরাম, উসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

## সরকারি দপ্তর সমূহের প্রধানগণের অনুপস্থিতির তালিকা ঃ

০১। জনাব ডাঃ মোঃ আহসান হাবিব, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ।

০২। জনাব মোঃ হামুনুর রহমান সরকার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

০৩। জনাব হাসান মুহম্মদ হাদীউল ইসলাম, সহকারী প্রোগ্রামার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

০৪। জনাব এ.কে.এম মহিউদ্দিন, ইন্সট্রাক্টর, ইউআরসি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

০৫। মোঃ রায়হান মিয়া, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

০৬। মোছাঃ ফারজানা বেগম, উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্যকেন্দ্র, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

০৭। জনাব মোঃ মেহেদী হাসান খান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

০৮। জনাব মোঃ গোলাম মোস্তফা, প্রতিবন্ধি বিষয়ক অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

০৯। জনাব ফৌজিয়া বেগম, সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, উপজেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

১১। জনাব মোঃ মেজবাউল ইসলাম, রেঞ্জ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১২। মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ

১৩। জনাব সাজিয়া, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।